মেহেরপুর জেলা প্রেসক্লাব এর সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাব এর সাধরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে জেলা প্রেসক্লাব এর নিজস্ব কার্যালয়ে ক্লাব এর সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিনের সঞ্চালনায় এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় নির্ধারিত ও অনির্ধারিত নানান বিষয় নিয়ে সকলে আলোচনায় অংশ নেই। এসময় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহসভাপতি মাহাবুব চান্দু, যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল হক পোলেন, দপ্তর সম্পাদক মুজাহিদ মুন্না, গণযোগাযোগ সম্পাদক দিলরুবা খাতুন, অর্থ সম্পাদক নাসের চৌধুরী, নির্বাহী সদস্য আখতারুজ্জামান, মুহম্মদ মহসীন, ডি এম মুকিদ প্রমুখ।

আলোচনা শেষে ক্লাব এর গঠনতন্ত্র অনুযায়ী দ্বি-বার্ষিক নির্বাচন ২০১৯ বাস্তবায়নের জন্য নির্বাচন কমিশনার হিসাবে মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতুকে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। একই সাথে ডিসেম্বর ২০১৯ এর মধ্যে নির্বাচন সম্পন্ন করার কথা বলা হয়। এছাড়া দৈনিক দিনকাল এর মেহেরপুর জেলা প্রতিনিধি হারুনর রশিদ রবি ও মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার মতুর্জা ফারুক রুপক কে সাধারণ সদস্য হিসাবে সদস্য পদ প্রদান করা হয়। সাধারণ সম্পাদক দুই বছরের আয় ব্যয় এর হিসাব উপস্থাপন করলে উক্ত আয় ব্যয় এর হিসাব সর্বসম্মতিতে গৃহিত হয়। -নিজস্ব প্রতিনিধি

সভাপতি শামসুজ্জামান সম্পাদক আব্দুল খালেক

বাশ বাড়িয়া বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচনে সভাপতি শামসুজ্জামান সম্পাদক আব্দুল খালেক।

শনিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ভোট গ্রহণ শেষে এ ফলাফল ঘোষনা করা হয়।
সভাপতি শামসুজ্জামান ৪৪ ভোট পেয়ে নির্বাচিত হয় তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কুতুবউদ্দিন ৩৬ টি ভোট পায়। সম্পাদক আব্দুল খালেক ৪৯টি ভোট পেয়ে নির্বাচিত হয় তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিপ্লব হোসেন ৩০ভোট পায়।
মোট ভোটার সংখ্যা ৮২ টি।
কমিটির অন্য সদস্যরা হলেন, সহ সভাপতি আব্দুল ওয়াদুদ, যুগ্ম সম্পাদক বজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক সাহারুল, কোষাধ্যক্ষ শামীন আহমেদ, প্রচার সম্পাদক জামারুল, কল্যান সম্পাদক আবু তাহের, নির্বাহী সদস্য আমজাদ, আবু বক্কর সিদ্দিক, আব্দুল মোমিন।

- গাংনী প্রতিনিধি

খালেদা জিয়ার মুক্তির দাবিতে মেহেরপুর জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

বেগম খালেদা জিয়ার মুক্তির দাবীতে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। আজ শনিবার সকাল ১০টায় সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। সমাবেশ পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, ইলিয়াছ হোসেন প্রমুখ।
সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, জোর যার মুল্লুক তার এই তথ্যে বিশ্বাসীরাই দেশের সকল গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে ধ্বংস করে ফেলেছে। জুয়াড়ি, লুটেরাদের হাতে দেশ জিম্মি। তিনি আরো বলেন, জেলের তালা ভাঙ্গবো খালেদা জিয়াকে আনবো। এই পরিস্থিতি তৈরী হওয়ার আগেই সরকারের উচিত আইনকে স্বাভাবিক গতিতে চলতে দেওয়া।
- নিজস্ব প্রতিনিধি

বাঁশবাড়িয়া বাজার কমিটি নির্বাচনের ভোট গ্রহণ শুরু

বাঁশ বাড়িয়া বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচনের ভোট গ্রহন শুরু হয়েছে।

শনিবার সকাল ১০টা থেকে এ গ্রহণ শুরু হয়েছে, চলবে বিকাল ৩ টা পর্যন্ত। মোট ১১ পদের মধ্যে ৬ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

বাকি ৫টি পদের বিপরিতে লড়ছেন ১১জন প্রার্থী।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সুখরঞ্জন সরকার ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবলে মুজিবনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলার রাজনগর পাবলিক ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত সুখরঞ্জন সরকার ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টের মুজিবনগর ফুটবল একাদশ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

শুক্রবার বিকালে রাজনগর স্কুল মাঠে ফাইনাল খেলায় ট্রাইবেকারে ৫-৩ গোলে বর্শিবাড়িয়া ফুটবল একাদশকে পরাজিত করে। নির্ধারিত সময়ে খেলাটি গোলশ‚ন্য ভাবে শেষ হওয়ায় ট্রাইবেকার এর মাধ্যমে নিষ্পত্তি ঘটানো হয়। এতে মুজিবনগরের পক্ষে হাসিবুল, রাজ, সুমন, সাব্বির ও বিল্ললা এবং বর্শিবাড়িয়ার পক্ষে পরান, পারভেজ ও নাঈম গোল করেন। খেলায় বিজয়ী দলের গোলরক্ষক হাসিবুল সেরা গোলরক্ষক

এবং লোকমান সেরা খেলোয়াড় নির্বাচিত হন। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রমতি ভারতী রানী সরকার।

খেলা শেষে সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এসময় খেলা পরিচালনা কমিটির সভাপতি ইউপি সদস্য আরমান আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশেষ অতিথি ছিলেন এআরবি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান,পরিচালনা কমিটির সাধারন সম্পাদক রবিউল ইসলাম, ইউপি সদস্য মুর্শিদ কুলি ম্যাগ্যা,ওয়ার্ডআওয়ামীলীগের সভাপতি মুক্তি মিয়া, সাধারন সম্পাদক খাকসার আলী, অনন্ত কুমার সাহা প্রমুখ ।

এর আগে উপজেলা চেয়ারম্যান এ্যাড ইয়ারুল ইসলাম উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে কবি নজরুল একাডেমির যাত্রা শুরু ও কমিটি গঠন

মেহেরপুরে কবি নজরুল একাডেমি যাত্রা শুরু ও কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকালে শহরের কাশারীপাড়ার হেলপ ফাউডেশনের মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন শামিম হাসান খান।

আলোচনা সভা শেষে ১৩ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়। কবি নজরুল একাডেমি সংগঠনের সভাপতি হলেন মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক রফিক উল আলম ও সাধারন সম্পাদক সাংবাদিক জিএফ মামুন লাকি।

কমিটির অন্য সদস্যরা হলেন উপদেষ্টা হলেন মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটিু, জানে আলম, এনামুল হক, সহ সভাপতি কামারুজ্জামান খান, আবুল কালম, সহ সম্পাদক শরিফুল ইসলাম খান, অর্থ সম্পাদক শামিম হাসান খান, সাংগঠনিক সম্পাদক আতাউর

রহমান, দপ্তর ও প্রচার সম্পাদক সাজ্জাদ হোসেন, সমাজ কল্যান সম্পাদক দিলারা পারভিন দিনা, সদস্য আবুল হাসেম, রাকিবুদ্দিন, কাজল রেখা, আশরাফুল আলম বাচ্চু, নিজাম উদ্দিন জীবন। ১৭ সদস্য বিশিষ্ঠ কমিটির মেয়াদ কাল ৩ বছর।

- নিজস্ব প্রতিনিধি

শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবলে গোল্ড কিং ফাইনালে

মেহেরপুর রানা মুন্না এন্টার প্রাইজ এর উদ্যোগে বোসপাড়া যুব স¤প্রদায়ের সহযোগিতায় ঘোষপাড়া নেশার মাঠে অনুষ্ঠিত শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবল টুর্ণামেন্টে গোল্ড কিং দ্বিতীয় দল হিসেবে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনাল খেলায় গোল্ড কিং ট্রাইবেকারে বক্স কে ১-০ গোলে কে পরাজিত করে।

নির্ধারিত সময়ে খেলাটি গোলশ‚ন্য ভাবে শেষ হয় শেষ পর্যন্ত ট্রাইবেকারে মাধ্যমে নিষ্পত্তি করানো হয়।

ট্রাইবেকারে উভয় দলই সাতটি করে কিক নিলেও শেষ পর্যন্ত গোল্ড কিং ১-০ গোলে জয়লাভ করে। গোল্ডকিং ফাইনালে রেনেসাঁ ক্লাব সিনিয়র সাথে মোকাবেলা করবে।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়লাভ করেছে ।

শুক্রবার বিকালে অনুষ্ঠিত খেলায় দুরন্ত হোটেল-বাজার ৯-১ গোলে কোলা ইলেভেন ইষ্টার কে পরাজিত করে ।

বিজয়ী দলের পক্ষে চপল ৭টি, ইলিয়াস ও অয়ন একটি করে গোল করেন। কোলা ইলেভেনের পক্ষে মাসুম একটি গোল পরিশোধ করেন ।

খেলাটি পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুরের তেঁতুলবাড়িয়া সীমান্তে ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে বিজিবির সদস্যরা ফেনসিডিল উদ্ধার করেছে।

শুক্রবার ভোরের দিকে তেঁতুলবাড়িয়া সীমান্তে বিজিবি’র টহল দল টহলে থাকাকালীন অবস্থায় পার্শ্ববর্তী মথুরাপুরমাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

তেঁতুলবেড়িয়া সীমান্ত ক্যাম্পের নায়েক নাসির উদ্দিনের নেতৃত্বে ফেনসিডিল উদ্ধার করা হয়।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর গাংনী বাজার কমিটির বনভোজন

মেহেরপুর গাংনী বাজার কমিটির প্রথম বনভোজন শুক্রবার চিৎলা পাটবীজ খামারে অনুষ্ঠিত হয়।

বাজারের সহ্রাধিক ব্যবসায়ীর উপস্থিতিতে বনভোজন যেন মিলন মেলায় পরিণত হয়। ব্যবসায়ীক কর্মময় ব্যস্ততা ছেড়ে সবাই মিলেছিলেন সম্প্রতির বন্ধনে।

আলোচনা সভায় বিগত দিনের কর্মকা- আর আগামির পথচলার দিকনির্দেশনা দেন নেতৃবৃন্দ।
অনুষ্ঠানে গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলুর সঞ্চালনায় বক্তব্য রাখেন বাজার কমিটির নেতৃবৃন্দ।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেকসহ বিশিষ্ঠজনেরা বনভোজনে অংশগ্রহণ করেন।

বতৃতায় উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক বলেন, আজকের এই বিরাট আয়োজন গাংনী বাজার কমিটির বড় সাহসের পরিচয়। সারা বছরের ব্যাপক ব্যস্ততার মাঝে তারা আমাদের জন্য একটি আনন্দময় সুন্দর দিনের ব্যবস্থা করেছেন। প্রতি বছরই এমন একটি দিন উপহার দেয়া অব্যহত থাকবে বলে আমি বিশ্বাস করি।

ব্যবসার বিভিন্ন দিক উল্লেখ করে তিনি বলেন, আপনাদের ব্যবসায়ীক সুনাম রয়েছে। এ সুনাম ধরে রাখতে পারলে মানুষের আস্থা ধরে রাখতে পারবেন। পেঁয়াজ ও লবণের মতো গুজবে সাধারণ মানুষ ছিল বিভ্রান্ত। অথচ আমাদের দেশের পর্যাপ্ত মজুদ রয়েছে।

আপনারা যদি সচেতন ও সজাগ থাকেন তাহলে সাধারণ মানুষ বিভ্রান্তির

হাত থেকে রক্ষা পাবে।

অনুষ্ঠানে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন বাজার কমিটির উপদেষ্টা বিশিষ্ঠ ব্যবসায়ী হাজী আলফাজ উদ্দীন ও বাজার কমিটির সাবেক সভাপতি হাফিজুর রহমান মানিক। বক্তব্য রাখেন ডিস মালিক সমিতি সভাপতি আনারুল ইসলাম বাবু, বিশিষ্ঠ ব্যবসায়ী জিয়াউর রহমান, বাজার কমিটির সহ সভাপতি আক্তারুজ্জামান কাজল, যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন, দপ্তর সম্পাদক রাজু, প্রচার সম্পাদক খাদেমুল ইসলাম কাজিম, সদস্য সেকেন্দার আলী, জামিল হোসেন, উজ্জল হোসেন, সেলিম রেজা, মামুনুর রশিদ, আজিজুল বারি সাগর, বিল্লাল হোসেন, ইনামুল হক।

- গাংনী প্রতিনিধি